

# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা



নং-এসি/পিজি/রে-১৫২৬ (৫০)

তারিখ : ১১/১০/২০১৭

## জরুরী বিজ্ঞপ্তি

বিষয়ঃ Ph.D, M. Phil, M.Sc. Engg, M.Sc., M.Engg, M. Arch, MURP, PG Diploma-এর মেয়াদ উত্তীর্ণ ছাত্রছাত্রীদের জন্য বিশেষ সুযোগ।

সম্প্রতি ছাত্রত্বের মেয়াদ উত্তীর্ণ এবং অন্যান্য কারণে Time extension-এর বেশ কিছু আবেদন যথাযথ নিয়মের কারণেই CASR কর্তৃক অনুমোদিত হয়নি।

এ সকল মেয়াদ উত্তীর্ণ স্নাতকোত্তর ছাত্র/ছাত্রীদের বিষয়ে তাদের পুনঃ পুনঃ আবেদনের পরিপ্রেক্ষিতে এবং মানবিক দিক বিবেচনা করে CASR-এর ২০/০৮/২০১৭ ইং তারিখের ২৪৮নং সভায় এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে উক্ত সভায় কেবলমাত্র যারা ডিগ্রী অর্জনের জন্য প্রয়োজনীয় course work সম্পন্ন করেছে তাদেরকে মানবিক ও বিশেষ বিবেচনায় আর্থিক জরিমানা প্রদান পূর্বক সর্বশেষ একটি সুযোগ দেওয়ার ব্যাপারে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ Ph.D ছাত্র/ছাত্রীদের জন্য বর্ধিত চার সেমিস্টার এবং Masters ও PG Diploma course এর ছাত্র/ছাত্রীদের জন্য বর্ধিত দুই সেমিস্টার এর মধ্যে তাদের ডিগ্রীর অসমাপ্ত সকল কার্যাদি অবশ্যই সম্পন্ন করতে হবে। এই সুযোগ কেবলমাত্র একবারই দেওয়া হবে এবং ভবিষ্যতে কোনভাবেই আর বিবেচনা করা হবে না। Ph.D ছাত্র/ছাত্রীবৃন্দ জনপ্রতি এককালীন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং Masters ও PG Diploma course-এর ছাত্র/ছাত্রীবৃন্দ জনপ্রতি ৪০,০০০/- (চাল্লিশ হাজার) টাকা জরিমানা জমা দিবে।

বিষয়টি Academic Council-এর ২১/০৮/২০১৭ইং তারিখে অনুষ্ঠিত ৪৩৫তম সভায় চুড়ান্ত অনুমোদন লাভ করে।

এমতাবস্থায়, উপরোক্ত বিশেষ সুবিধা পেতে আগ্রহী ছাত্র/ছাত্রীদের

- (ক) অন্তিবিলম্বে Time extension এর জন্য CASR এর নির্ধারিত Form এ আবেদন করতে হবে।
- (খ) উল্লিখিত আবেদন অনুমোদন হবার পর October 2017 সেমিস্টার অথবা April 2018 সেমিস্টার এর জন্য নির্ধারিত সময় সীমার মধ্যে পুনরায় Registration সম্পন্ন করতে হবে।
- (গ) জরিমানার ফি Registrar Office এর নির্ধারিত খাতে জমা দিতে হবে।
- (ঘ) IICT Registration ও জরিমানার ফি প্রাপ্তি সাপেক্ষে BIIS এর প্রয়োজনীয় প্রক্রিয়া সম্পন্ন করবে।
- (ঙ) April 2018 সেমিস্টার এর ভর্তির নির্ধারিত সময় সীমার পর আর কোন আবেদন বিবেচিত হবে না এবং এই ধরণের কোন ভর্তির সুযোগ থাকবে না।

Md. Sajidur Rahman  
11/10/2017  
(প্রফেসর ডঃ মোঃ সাইদুর রহমান)  
রেজিস্ট্রার (অঃ দাঃ)

## বিতরণঃ

- ১। সকল অনুষদের ডীন, বাপ্রবি, ঢাকা
- ২। সকল বিভাগীয় প্রধান, বাপ্রবি, ঢাকা
- ৩। সকল ইনসিটিউট ও সেন্টারের পরিচালক, বাপ্রবি, ঢাকা
- ৪। পরিচালক, আই আই সি টি (ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৫। বিশ্ববিদ্যালয়ের সকল নোটিশবোর্ড, বাপ্রবি, ঢাকা।